...সিন্ধু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা, সিন্ধু ও সরস্বতী—এই সাতটি নদীর অববাহিকা অঞ্চলকেই ঋগ্বেদে 'সপ্ত সিন্ধু' বলে বর্ণনা করা হয়েছে।

**প্রশ্ন** ➡ **মেহরৌলির লৌহস্তম্ভ কোথায় অবস্থিত? কার বিজয় এখানে উল্লিখিত আছে?**

**উত্তর :** দিল্লীর নিকটবর্তী মেহরৌলি নাম গ্রামে এখানে জনৈক চন্দ্ররাজা সম্বন্ধে উল্লেখ আছে। ঐতিহাসিকদের ধারণা চন্দ্ররাজ ও দ্বিতীয় চন্দ্রগুপ্ত একই ব্যক্তি।

**প্রশ্ন** ➡ **'জুনাগড়লিপিতে' কার কৃতিত্ব বর্ণনা করা আছে?**

**উত্তর :** 'জুনাগড় লিপিতে' শক রাজা রুদ্রদমনের কৃতিত্ব বর্ণনা করা আছে।

**প্রশ্ন** ➡ **হাতিগুম্ফা শিলালিপির গুরুত্ব কী?**

**উত্তর :** এই লিপিতে কলিঙ্গরাজ খারবেলের কীর্তি কাহিনী বর্ণিত হয়েছে। এখা... খ্রিঃ পূঃ ৪৫০ অব্দ পর্যন্ত ভারতের বংশানুক্রমিক ইতিহাস জানা যায়।

Scanned with CamScanner

**প্রশ্ন➡ হর্ষচরিতের রচয়িতা কে? এতে কিসের বর্ণনা আছে?**

**উত্তর:** হর্ষচরিতের রচয়িতা বাণভট্ট। এতে হর্ষবর্ধনের রাজত্বকালের বিস্তারিত বিবরণ পাওয়া যায়। হর্ষবর্ধনের চরিত্র সম্বন্ধেও এই গ্রন্থে বহু তথ্য আছে।

**প্রশ্ন➡ নানাঘাট শিলালিপির রচয়িতা কে? এটি থেকে কার রাজত্বকাল সম্বন্ধে জানা যায়?**

**উত্তর:** প্রথম সাতকর্ণির পত্নী নায়নিকা নানাঘাট শিলালিপির রচয়িতা। এটি থেকে সাতবাহন রাজা প্রথম সাতকর্ণির রাজত্বকাল সম্বন্ধে জানা যায়।

**প্রশ্ন➡ নাসিক প্রশাস্তির রচয়িতা কে? এটি থেকে কোন্ রাজার সম্বন্ধে জানা যায়?**

**উত্তর:** গৌতমী বালশ্রী এর রচয়িতা। এটি থেকে সাতবাহন রাজা গৌতমীপুত্র সাতকর্ণির কথা জানা যায়।

**প্রশ্ন➡ দেওপাড়া প্রশস্তির রচয়িতা কে? এতে কোন্ রাজার কাহিনী লিপিবন্ধ আছে?**

**উত্তর:** দেওপাড়া প্রশস্তির রচয়িতা উমাপতি ধর। এতে সেন বংশের বল্লালসেনের কাহিনী লিপিবন্ধ আছে।

**প্রশ্ন➡ এলাহাবাদ প্রশস্তিটি কে রচনা করেন? এ থেকে কি জানা যায়?**

**উত্তর:** এলাহাবাদ প্রশস্তিটি সমুদ্রগুপ্তের সভাকবি হরিষেণ রচনা করেন। এ থেকে সমুদ্রগুপ্তের বিজয় কাহিনী এবং রাজত্বকাল সম্পর্কে জানা যায়।

**প্রশ্ন➡ মুদ্রার ঐতিহাসিক গুরুত্ব কী?**

**উত্তর:** মুদ্রায় উল্লিখিত সন ও রাজার নাম থেকে রাজাদের রাজত্বকালের সময়কাল জানা যায়। মুদ্রার প্রাপ্তিস্থান থেকে রাজ্যের বিস্তৃতি বা ব্যবসা বাণিজ্যের প্রসার সম্পর্কে জানা যায়। বিভিন্ন মুদ্রার ধাতু ও আকৃতি থেকে সমকালীন ধাতুশিল্প সম্বন্ধে জানা যায়। আবার মুদ্রা অঙ্কিত চিত্রাবলী থেরে রাজার ব্যক্তিগত গুণাবলী সম্পর্কে জানা যায়। যেমন সমুদ্রগুপ্তের বীণাবাদনরত ছবি থেকে জানা যায় যে তিনি একজন বড় সঙ্গীতজ্ঞ ছিলেন।

Scanned with CamScanner